# বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

**www.barcouncil.gov.bd**

নং-বিবিসি/এনরোল/২০২৩/২১৩ তারিখঃ ১৭-০১-২০২৩ইং

## এনরোলমেন্ট মৌখিক পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি
## ১২-০২-২০২৩ইং তারিখ থেকে অনুষ্ঠিতব্য এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার প্রার্থীগণের জ্ঞাতার্থে

এতদ্বারা স্মারক নং-বিবিসি/এনরোল/২০২২/৯২৭, তারিখঃ ২৪-০৩-২০২২ইং, নং-বিবিসি/এনরোল/২০২২/২৩৩০, তারিখঃ ২১-০৮-২০২২ইং এবং নং-বিবিসি/এনরোল/২০২৩/৩৮, তারিখঃ ০৪-০১-২০২৩ইং, মূলে জারিকৃত বিজ্ঞপ্তিসমূহের ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের আসন্ন ১২-০২-২০২৩ইং তারিখ থেকে অনুষ্ঠিতব্য এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষার অনলাইন ডাটা বেইজে অন্তর্ভুক্ত হওয়া আবশ্যক। উক্ত মৌখিক পরীক্ষায় দুই ধরনের প্রার্থী রয়েছেন-

যথা-- **(১) রেগুলার প্রার্থী**, যেসব প্রার্থী বর্তমান সেশনের, তথা ১৭-০৯-২০২২ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।

এবং **(২) রিঅ্যাপিয়ার্ড প্রার্থী**, সেই সব প্রার্থী যারা বার কাউন্সিল বিধি ৬০বি অনুযায়ী অব্যবহিত পূর্বের দুইটি মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছেন অথবা অংশগ্রহণে ব্যর্থ হয়েছেন এবং আসন্ন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী। এইরূপ প্রার্থীরা বিগত ১৯-১২-২০২০ইং/২৭-০২-২০২১ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় এবং/অথবা ১৪-১০-২০১৭ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছিলেন। এই নোটিশের সর্বত্র এইরূপ প্রার্থীগণ **'রিঅ্যাপিয়ার্ড প্রার্থী'** হিসেবে উল্লিখিত হয়েছেন।

কেবলমাত্র যেসব প্রার্থী ১৯-১২-২০২০ইং/২৭-০২-২০২১ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষা এবং/অথবা ১৪-১০-২০১৭ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন শুধুমাত্র সেই সব প্রার্থীই অনলাইন ডাটাবেইজে নিজ নিজ ফরম পূরণ প্রক্রিয়া শুরু এবং সম্পন্ন করতে পারবেন। এ ছাড়া পূর্ববর্তী অন্য কোনো লিখিত পরীক্ষার প্রার্থীর তথ্য অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগ্রামে অন্তর্ভুক্ত থাকবে না।

আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উভয় প্রকার প্রার্থীগণের করণীয় সম্পর্কে নিম্নে উল্লেখ করা হলোঃ

**রেগুলার প্রার্থীগণের করণীয়ঃ-**

রেগুলার প্রার্থীগণকে ৩১-০১-২০২৩ইং তারিখ পর্যন্ত নির্দিষ্ট ওয়েব সাইট (**http://bar.teletalk.com.bd)** ব্যবহার করে নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট ফিল্ডে ১৭-০৯-২০২২ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষার নিজ নিজ রোল নম্বর, বার-কাউন্সিল-রেজিস্ট্রেশন-নম্বর ও সাল এন্ট্রি করে মৌখিক পরীক্ষার অনলাইন প্ল্যাটফর্মে প্রবেশ করতে হবে। অতঃপর প্রার্থীগণ এমসিকিউ/লিখিত পরীক্ষার পূর্বে তাদের নিজ-প্রদত্ত তথ্যমালা পর্যায়ক্রমে **View** করবেন, প্রয়োজন মতো নির্দেশনা অনুযায়ী চাহিত তথ্য এন্ট্রি দিবেন (যেমন: কেস লিস্ট অনলাইনে পূরণ করবেন) এবং প্রতিটি ধাপে নির্দেশনা অনুযায়ী **Save & go to next** বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করবেন এবং অনলাইনে প্রাপ্ত নিজ নিজ **Form A** এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য নথি তথা **Form G, Case List, Testimonial, Affidavit** ডাউনলোড ও প্রিন্ট করে নিবেন। উল্লেখ্য, ডাউনলোডকৃত পাতাসমূহ লিগ্যাল সাইজ কার্টিজ পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং নির্ধারিত স্থানসমূহে নিজের এবং সিনিয়র অ্যাডভোকেটের স্বাক্ষর নিতে হবে। এছাড়াও **Form A** এর নির্ধারিত স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। প্রার্থীর ছবির ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ছবির আনুষ্ঠানিক মানদন্ড বজায় রাখতে হবে। ছবিতে প্রার্থীর উভয় কান দৃশ্যমান থাকতে হবে এবং ছবির ব্যাকগ্রাউন্ড সাদা থাকতে হবে। সেলফি ছবি গ্রহণযোগ্য হবে না। **Affidavit** এর পৃষ্ঠাগুলো তিনশত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে প্রিন্ট করে প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজড্ করতে হবে। অতঃপর ডাউনলোড ও প্রিন্টকৃত **Form A, Form G, Case List, Testimonial** এবং নোটারীকৃত **Affidavit** এর সাথে নিজ নিজ শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল নথি অর্থাৎ এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, গ্র্যাজুয়েশন ডিগ্রি, এল.এল.বি, এল.এল.এম., বার-এট-ল (যদি থাকে) পরীক্ষার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত অনুলিপি এবং বিদেশ থেকে কোনো ডিগ্রী অর্জিত হয়ে থাকলে সংশ্লিষ্ট ডিগ্রীর জন্য উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ইক্যুইভ্যালেন্সি** সনদের সত্যায়িত অনুলিপি

সংযুক্ত করে **আগামী ৩১-০১-২০২৩ইং তারিখের মধ্যে বার কাউন্সিল কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) দাখিল করতে হবে।**

**উল্লেখ্য, রেগুলার প্রার্থীগণকে কোনোরূপ ফি প্রদান করতে হবে না। মৌখিক পরীক্ষার জন্য যথা সময়ে অনলাইন থেকে অ্যাডমিট কার্ড ইস্যু করা হবে। অ্যাডমিট কার্ড কালার প্রিন্ট করে নিতে হবে।**

রিঅ্যাপিয়ার্ড প্রার্থীগণের করণীয়ঃ-

(১) আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু **রিঅ্যাপিয়ার্ড প্রার্থীগণকে অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি প্রদান এবং অনলাইন হতে প্রাপ্ত ফরম ডাউনলোড ও প্রিন্ট করে বার কাউন্সিলে দাখিল করতে হবে।** এই উদ্দেশ্যে উক্তরূপ প্রার্থীগণকে বিগত ১৯-১২-২০২০ইং/২৭-০২-২০২১ইং তারিখের অথবা ১৪-১০-২০১৭ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষার যেইটিতে উত্তীর্ণ হয়েছিলেন সেই লিখিত পরীক্ষার রোল নম্বর এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর ও সাল নির্ধারিত ওয়েব সাইটে **(http://bar.teletalk.com.bd)** নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করে অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগ্রামে ফরম পূরণ প্রক্রিয়া শুরু করতে হবে। অতঃপর প্রার্থীগণ নির্দিষ্ট ফিল্ডসমূহ পর্যায়ক্রমে পূরণ করবেন, প্রয়োজন মতো নির্দেশনা অনুযায়ী চাহিত তথ্য এন্ট্রি দিবেন (যেমন: নিজ নিজ ব্যক্তিগত তথ্য, শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য, **সর্বশেষ ভাইভা পরীক্ষার রোল নম্বর,** কেস লিস্ট, নির্দেশনা অনুযায়ী স্ক্যানকৃত ছবি, স্ক্যানকৃত স্বাক্ষর প্রভৃতি অনলাইনে পূরণ করবেন) এবং প্রতিটি ধাপে নির্দেশনা অনুযায়ী **Save & go to next** বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করবেন এবং অনলাইনে প্রাপ্ত নিজ নিজ **Form A** এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য নথি তথা **Form G, Case List, Testimonial, Affidavit** ডাউনলোড ও প্রিন্ট করে নিবেন। উল্লেখ্য, ডাউনলোডকৃত পাতাসমূহ লিগ্যাল সাইজ কার্টিজ পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং নির্ধারিত স্থানসমূহে নিজের এবং সিনিয়র অ্যাডভোকেটের স্বাক্ষর নিতে হবে। এছাড়াও **Form A** এর নির্ধারিত স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। **Affidavit** এর পৃষ্ঠাগুলো তিনশত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে প্রিন্ট করে প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজড্ করতে হবে। অতঃপর ডাউনলোড ও প্রিন্টকৃত **Form A, Form G, Case List, Testimonial এবং নোটারীকৃত Affidavit** এর সাথে নিজ নিজ শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল নথি অর্থাৎ এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, গ্র্যাজুয়েশন ডিগ্রি, এল.এল.বি, এল.এল.এম., বার-এট-ল (যদি থাকে) পরীক্ষার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, সর্বশেষ মৌখিক পরীক্ষার অ্যাডমিট কার্ডের কপি এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত অনুলিপি এবং বিদেশ থেকে কোনো ডিগ্রী অর্জিত হয়ে থাকলে সংশ্লিষ্ট ডিগ্রীর জন্য উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ইক্যুইভ্যালেন্সি** সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে **আগামী ৩১-০১-২০২৩ইং তারিখের মধ্যে বার কাউন্সিল কার্যলয়ে অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) দাখিল করতে হবে।**

(২) আসন্ন মৌখিক পরীক্ষার জন্য রি-অ্যাপিয়ার্ড প্রার্থীগণের অনলাইন ফরম পূরণ কার্যক্রম আগামী ৩১-০১-২০২৩ইং তারিখ পর্যন্ত অনলাইনে **(http://bar.teletalk.com.bd)** চলমান থাকবে। উল্লিখিত লিংকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ধাপে ধাপে অনলাইনে প্রদর্শিত ফিল্ডসমূহ পূরণ করে আবেদন ফাইনাল সাবমিট করার পর সর্বশেষ ধাপে পরীক্ষার ফি প্রদান করতে বলা হবে। নির্দেশনা অনুযায়ী যে কোনো একটি টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার নির্ধারিত ফি মোট ১,০৮০/- (এক হাজার আশি টাকা) জমা করতে হবে। সফলভাবে ফি জমা হলে প্রার্থীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে নিশ্চিতকরণ বার্তা এবং পাসওয়ার্ড সরবরাহ করা হবে। সফলভাবে পরীক্ষার ফি প্রদানের পরই দরখাস্ত চূড়ান্তভাবে দাখিল হয়েছে মর্মে নিশ্চিত হওয়া যাবে। ফি প্রদানের পদ্ধতি নিম্নে উল্লেখ করা হলোঃ

প্রার্থীগণকে একটি টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হইতে ২টি এসএমএস প্রেরণ করতে হবে।

এসএমএস ফরম্যাট নিম্নরূপঃ

**1st SMS:**
BAR<space>USER ID and send to 16222
Reply: Applicants Name, Candidate's Type and PIN
**2nd SMS:**
BAR<space>YES<space>PIN and send to 16222
Reply: Congratulations, Confirmation of payment with USER ID & PASSWORD

N.B: Please preserve the USER ID and PASSWORD carefully for future use.

এসএমএস ২টি প্রেরণের পর নির্দিষ্ট টেলিটক নম্বর [১৬২২২ এবং ০১৫৫০১৫৫৫৫৫] হইত প্রাপ্ত নিশ্চিতকরণ বার্তা, ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষন করতে হবে। পরবর্তীতে **অ্যাডমিট কার্ড** সংগ্রহের জন্য উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রয়োজন হবে। অনলাইন থেকে অ্যাডমিট কার্ড প্রাপ্তির বিষয়ে যথাসময়ে বিজ্ঞপ্তি দেওয়া হবে। অ্যাডমিট কার্ড কালার প্রিন্ট করে নিতে হবে।

আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার ফরম পূরণে ইচ্ছুক প্রত্যেক রিঅ্যাপিয়ার্ড প্রার্থীকে নিজস্ব একটি সচল মোবাইল নম্বর ব্যবহার করে ফরম পূরণের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করতে হবে। উক্ত নির্দিষ্ট নম্বরটি পরীক্ষার সম্পূর্ণ প্রক্রিয়াকালে সচল রাখতে হবে। উক্ত নম্বরে ফরম পূরণ, পরীক্ষার ফি জমা হওয়া প্রভৃতি বিষয়ে সময়ে সময়ে এসএমএস দেওয়া হবে।

আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার অনলাইন ফরম পূরণ প্রক্রিয়ায় রিঅ্যাপিয়ার্ড প্রার্থীগণকে নিজ নিজ অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা/ডিগ্রী'র ফলাফলসমূহ [এসএসসি/সমমান হইতে শুরু করিয়া এলএলবি/বার-এট-ল'সহ সর্বশেষ অর্জিত শিক্ষাগত ডিগ্রী পর্যন্ত ১ম/২য়/৩য় বিভাগ/শ্রেনী/সিজিপিএ/গ্রেড- যেখানে যেটা প্রযোজ্য] সংশ্লিষ্ট সনদ/নম্বরপত্র/গ্রেড শীট অনুযায়ী সতর্কতার সাথে অনলাইন অ্যাপ্লিকেশন ফরমের নির্ধারিত ফিল্ডে সঠিক ও নির্ভুলভাবে উল্লেখ/এন্ট্রি করতে হবে। উল্লেখ্য, অনলাইন ফরম পূরণের সময়ে কোনো তারিখ (যথা জন্মতারিখ/সিনিয়রের সহিত চুক্তির তারিখ, তথা পিউপিলেজ কন্ট্রাক্ট ডেট প্রভৃতি) উল্লেখ করার ক্ষেত্রে সরাসরি টাইপ না করে স্ক্রীনে প্রদর্শিত ড্রপ ডাউন মেনু ব্যবহার করে দিন, মাস, বছর ইত্যাদি সিলেক্ট করে নির্দিষ্ট তারিখটি এন্ট্রি দিতে হবে। অনলাইন ফরমের নির্ধারিত ফিল্ডে প্রার্থীর পাসপোর্ট সাইজ স্ক্যানকৃত ছবি এবং স্বাক্ষর নির্দেশনা অনুযায়ী প্রদান করতে হবে। প্রার্থীর ছবির ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ছবির আনুষ্ঠানিক মানদন্ড বজায় রাখতে হবে। ছবিতে প্রার্থীর উভয় কান দৃশ্যমান থাকতে হবে এবং ছবির ব্যাকগ্রাউন্ড সাদা থাকতে হবে। সেলফি ছবি গ্রহণযোগ্য হবে না)।

**প্রার্থীগণকে সতর্কতার সহিত অনলাইন ফরম পূরণ সম্পন্ন করিতে বলা হলো। ফরম পূরণকালে প্রয়োজন হলে প্রার্থীগণ প্রদত্ত তথ্যাদি Save করে লগ আউট করিতে পারবেন (Save & Exit বাটন ব্যবহার করে) এবং পরবর্তীতে পুনরায় নিজ মোবাইল নম্বর ও জন্ম তারিখ এন্ট্রি করে ওয়েব সাইটে লগ-ইন করে ফরম পূরণ প্রক্রিয়া শেষ করতে পারবেন। নিজ নিজ পূরণকৃত ফরম সঠিক থাকলেই ফাইনাল সাবমিট করার পরামর্শ দেওয়া যাচ্ছে। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে ফরম ফাইনাল সাবমিট করে ফেলার পর নিজ তথ্য সংশোধনের আর কোনো সুযোগ থাকে না।**

**রেগুলার এবং রিঅ্যাপিয়ার্ড -- উভয় প্রকার প্রার্থীগণের নিজ নিজ হার্ড-কপি ফাইল/ফরম বার কাউন্সিল অফিসে দাখিলের সময়সীমাঃ ১৮-০১-২০২৩ইং তারিখ থেকে ৩১-০১-২০২৩ইং বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**

পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (**www.barcouncil.gov.bd**) প্রকাশ করা হবে।

আদেশক্রমে,

BANGLADESH BAR COUNCIL DHAKA

(ড. ওয়াহিদুজ্জামান শিকদার)
সচিব
বাংলাদেশ বার কাউন্সিল
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
গ্রেড-১

**বিঃ দ্রঃ আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার যে সকল প্রার্থী বিদেশ থেকে অর্জিত আইন শিক্ষার (এল.এল.বি. ডিগ্রী) অনুকূলে ইক্যুইভ্যালেন্সি সনদের জন্য বার কাউন্সিল বরাবরে আবেদন করেছেন কিন্তু এখনও উক্ত সনদ প্রাপ্ত হননি তাদেরকে সংশ্লিষ্ট ইক্যুইভ্যালেন্সি সনদের আবেদনপত্রের **রিসিভ কপির সত্যায়িত অনুলিপি** মৌখিক পরীক্ষার ফরমের সাথে জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।